গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাণীশংকৈল, ঠাকুরগাঁও
ranisankail.thakurgaon.gov.bd

তারিখঃ ১৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৫ খ্রিঃ

স্মারক নম্বর: ০৫.৫৫.৯৪৮৬.০০০.০০.০০২.২০২৫- ০৩

# জলমহাল ইজারা বন্দোবস্ত এর বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০১/১৪৩২

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাণীশংকৈল উপজেলার ইজারা যোগ্য ০১নং খাস খতিয়ানভুক্ত ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহালসমূহ ইজারার লক্ষ্যে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখা ১৪ মার্চ ২০১২ খ্রিস্টাব্দে প্রকাশিত প্রজ্ঞাপন এবং ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখা ১৭ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দে ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)- ৬৯৪ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপন মোতাবেক আগামী ০৩ বছর (১৪৩২-১৪৩৪) মেয়াদে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে শর্ত সাপেক্ষে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

০২। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে হবে।

০৩। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রনালয়ের ওয়েব সাইটে অথবা **jm.lams.gov.bd** লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড রয়েছে।

০৪। জলমহাল ইজারার জন্য অনলাইনে ০১ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ হতে ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ (১৫/০১/২০২৫ হতে ২৮/০১/২০২৫ খ্রিস্টাব্দ) পর্যন্ত আবেদন দাখিলের পূর্ববর্তী দিন পর্যন্ত অফিস চলাকালীণ সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাণীশংকৈল এবং উপজেলা ভূমি অফিস, রাণীশংকৈল কার্যালয়ে ৫০০/-(পাঁচশত টাকা) নগদ মূল্যে (অফেরৎযোগ্য) আবেদন ফরম ক্রয় করে নির্দেশনা মোতাবেক পূরণপূর্বক অনলাইনে দাখিল করতে হবে।

০৫। অনলাইনে দাখিলকৃত আবেদন এবং আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সিলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাণীশংকৈলে ১৫ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ হতে ১৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে দাখিল করতে হবে। ২৯ জানুয়ারি হতে ০২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ) পর্যন্ত ।

০৬। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

০৭। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টিং কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনে দাখিলকৃত তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে ।

নির্ধারিত জলমহাল ইজারা/বন্দোবস্ত সংক্রান্ত শর্তসমূহ ও অন্যান্য তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ও **www.ranisankail.thakurgaon.gov.bd**এবং **acl.ranisankail.thakurgaon.gov.bd** ওয়েব ঠিকানা হতে জানা যাবে।

জলমহালের তালিকা:

| ক্র. নং | পুকুরের নাম | ইউনিয়ন | মৌজার নাম | দাগ নং | আয়তন | ৩ বছরের ইজারা মূল্য | ৫% বৃদ্ধিতে সরকারি মূল্য | ইজারা মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গেওরা পুকুর | রাতোর | রাতোর | ৪৮৪ | ০.৮০ একর | ১৭,৫০০/- | ১৮,৩৭৫/- | ১৪৩২-১৪৩৪ |
| ২ | বোচা পুকুর | রাতোর | প্রয়াগপুর | ১৩৯৮ | ০.৪৮ একর | ৭০,০০০/- | ৭৩,৭৫০/- | ১৪৩২-১৪৩৪ |
| ৩ | গ্রাম পুকুর | রাতোর | লক্ষিপুর কুমুরিয়া | ৩১৬ | ০.৯১ একর | ২৭,০০০/- | ২৮,৩৫০/- | ১৪৩২-১৪৩৪ |
| ৪ | জশাহার পুকুর | রাতোর | ভেদাইল | ১৪৫৬ | ০.৫২ একর | ১৩,২৩০/- | ১৩,৮৯২/- | ১৪৩২-১৪৩৪ |
| ৫ | কালিভাসা পুকুর | নেকমরদ | কর্নাইট | ৭৩৩ | ১.৪৯ একর | ৪,৬৯,০৩৪/- | ৪,৯২,৪৮৬/- | ১৪৩২-১৪৩৪ |
| ৬ | খাস পুকুর(৬) | নেকমরদ | গোরকই | ১৫০ | ০.২২ একর | ২০,০০০/- | ২১,০০০/- | ১৪৩২-১৪৩৪ |
| ৭ | নিবাসী পুকুর | নেকমরদ | দুর্লভপুর | ১১৬৪ | ০.৬২ একর | ২৬,০০০/- | ২৭,৩০০/- | ১৪৩২-১৪৩৪ |
| ৮ | বারা পুকুর | নেকমরদ | চন্দনচহট | ৯৭৭ | ০.৮৬ একর | ৩৬,৭৫০/- | ৩৮,৫৮৮/- | ১৪৩২-১৪৩৪ |
| ৯ | ডোবা | নেকমরদ | দুর্লভপুর | ১৩৭১,১৩৭২ | ০.১৬ একর | ২৬,০০০/- | ২৭,৩০০/- | ১৪৩২-১৪৩৪ |
| ১০ | বিল | নেকমরদ | দুর্লভপুর | ২৪৭৬ | ০.৫৮ একর | ২০,০০০/- | ২১,০০০/- | ১৪৩২-১৪৩৪ |
| ১১ | মলানী পুকুর | হোসেনগাঁও | হোসেনগাঁও | ১৩৬ | ১.০৩ একর | ৩,০৯,৭৫০/- | ৩,২৫,২৩৮/- | ১৪৩২-১৪৩৪ |
| ১২ | ভেলা পুকুর | নন্দুয়ার | বনগাঁও | ৮৬০ | ১.৭৯ একর | ৩,২০০/- | ৩,৩৬০/- | ১৪৩২-১৪৩৪ |
| ১৩ | মানিকা দীঘি | হোসেনগাঁও -নন্দুয়ার | উত্তরগাঁও | ৩৯৩ | ২.৭৪ একর | ৯,৬৩,৯৬০/- | ১০,১২,১৫৮/- | ১৪৩২-১৪৩৪ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১৪ | খাস পুকুর (০৩) | হোসেনগাঁও | ভোলাপাড়া | ২৫৭ | ০.৩৮একর | ৪০,৭৯৩/- | ৪২,৮৩৩/- | ১৪৩২-১৪৩৪ |
| ১৫ | বিবি সখিনা পুকুর | হোসেনগাঁও -নন্দুয়ার | সন্ধারই | ৫৩৬৩ | ২.৩৭ একর | ৬,২৫,০০০/- | ৬,৫৬,২৫০/- | ১৪৩২-১৪৩৪ |
| ১৬ | মলাহার পুকুর | লেহেম্বা | ব্রহ্মপুর | ৮৭০ | ০.৪২ একর | ৫০,০০০/- | ৫২,৫০০/- | ১৪৩২-১৪৩৪ |
| ১৭ | বড় পুকুর | লেহেম্বা | কোচল | ৩৬৯ | ১.৯৮ একর | ৫,৫৩,০০০/- | ৫,৮০,৬৫০/- | ১৪৩২-১৪৩৪ |
| ১৮ | বুড়া পুকুর | লেহেম্বা | কোচল | ১৫৭ | ০.৬২ একর | ২৫,১৫৫/- | ২৬,৪১৩/- | ১৪৩২-১৪৩৪ |
| ১৯ | পীড় পুকুর | লেহেম্বা | রাণীভবানীপুর | ৬৯৬ | ১.৪১ একর | ১,৬৭,২৪৯/- | ১,৭৫,৬১২/- | ১৪৩২-১৪৩৪ |
| ২০ | ভুলকুড়া পুকুর | লেহেম্বা | ব্রহ্মপুর | ৯৭৭ | ০.৪২ একর | ১৫,০০০/- | ১৫,৭৫০/- | ১৪৩২-১৪৩৪ |
| ২১ | নিরখই পুকুর | ধর্মগড় | ভরনিয়া | ৭৮৩৪/ ৭৮৯৯, ৭৮৯৩ | ৪.৫৫ একর | ৬,৪০,০০০/- | ৬,৭২,০০০/- | ১৪৩২-১৪৩৪ |
| ২২ | ভরনিয়া হাট পুকুর | ধর্মগড় | চ্যাংমারী | ৭৬১৮ | ১.০৩ একর | ৩,৫২,৫০০/- | ৩,৭০,১২৫/- | ১৪৩২-১৪৩৪ |
| ২৩ | চান্দাহার পুকুর | ধর্মগড় | চ্যাংমারী | ৮৯০১ | ১.৭৫ একর | ৩,৮০,০০০/- | ৩,৯৯,০০০/- | ১৪৩২-১৪৩৪ |
| ২৪ | শিবদীঘি | বাচোর | রাজোর | ১৬৮১ | ৩.২৬ একর | ৯৯,০০০/- | ১,০৩,৯৫০/- | ১৪৩২-১৪৩৪ |
| ২৫ | বাগরাই পুকুর | বাচোর | মাধবপুর | ২১১২ | ১.০৪ একর | ২,৫৫,০০০/- | ২,৬৭,৭৫০/- | ১৪৩২-১৪৩৪ |
| ২৬ | খাস পুকুর/রাজোর | বাচোর | রাজোর | ১৬৩০ | ০.৩৭ একর | ২২,০৫০/- | ২৩,১৫৩/- | ১৪৩২-১৪৩৪ |
| ২৭ | খাস পুকুর(০৪) | বাচোর | রাজোর | ১০০১ | ০.৩৪ একর | ৩৩,০৭৫/- | ৩৪,৭২৯/- | ১৪৩২-১৪৩৪ |
| ২৮ | হাড়ী পুকুর | বাচোর | চোপড়া | ৭৯৩ | ০.৬৭ একর | ১,১৭,৯৬৮/- | ১,২৩,৮৬৭/- | ১৪৩২-১৪৩৪ |
| ২৯ | কুলিহাড়ী পুকুর | বাচোর | বাচোর | ২৪২০ | ০.৮২একর | ৬৩,০০০/- | ৬৬,১৫০/- | ১৪৩২-১৪৩৪ |

শর্তাবলী :

০১। নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রনালয়ের ওয়েব সাইটে অথবা **jm.lams.gov.bd** লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে ০১ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ হতে ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ (১৫/০১/২০২৫ হতে ২৮/০১/২০২৫ খ্রিস্টাব্দ) এর মধ্যে আবেদন দাখিল করতে হবে ।

২। দাখিলকৃত আবেদনে প্রার্থীত জলমহাল/পুকুরের বিগত ০৩(তিন) বছরের ইজারা মূল্য অপেক্ষা ৫% বর্ধিত না হলে আবেদনপত্র গ্রহণ যোগ্য হবে না।

৩। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎসজীবীদের সমিতি/সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল/পুকুর ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে।

৪। নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎসজীবী সমিতি/সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ), নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একইসাথে তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি জলমহাল/পুকুর ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

৫। প্রকৃত মৎস্যজীবীদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল/পুকুর ব্যবস্থাপনা বা ইজারায় অংশ গ্রহন করতে পারবেন।

৬। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন, তাহলে উক্ত সমিতি জলমহাল/পুকুর বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সংগে দাখিল করতে হবে এবং সাথে বিগত ২ (দুই) বছরের অডিট রির্পোট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন সমিতির জন্য অডিট রির্পোট প্রয়োজন হবে না।

৭। যদি সংশ্লিষ্ট জলমহাল/পুকুরের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তা হলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/জেলা মৎস্যজীবী সংগঠন/সমিতি/জলমহাল/পুকুর বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

৮। লীজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল/পুকুর কোন অবস্থাতেই সাব-লীজ অথবা কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকেন তা হলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজ গ্রহিতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল/পুকুর বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

৯। দরদাতাকে জলমহাল ইজারায় অংশগ্রহনের পূর্বে জলমহাল/ পুকুর সরেজমিনে দেখে নিশ্চিৎ হয়ে জলমহাল ইজারায় অংশগ্রহণ করতে হবে।

১০। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন ০২ (দুই) টির অধিক জলমহাল/পুকুর ইজারা পাবে না।

১১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহাল/পুকুরের প্রস্তাবিত ইজারা মূল্যের ২০% "সভাপতি, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রাণীশংকৈল" এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১২। ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর লীজমানির সাথে একত্রে প্রদান করতে হবে।

১৩। সরকারি জলমহাল/পুকুর ব্যবস্থাপনা নীতি'২০০৯ এর বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

১৪। মৎস্যজীবী সংগঠন ও সমিতি-কে ০৩ (তিন) বছর মেয়াদে লীজ পাওয়ার লক্ষে সংশ্লিষ্ট জলমহাল/পুকুরের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনার রূপরেখা সংযুক্ত করতে হবে।

১৫। যে সকল সমিতি পূর্বের ইজারা মূল্য পরিশোধ করেন নাই ঐ সকল সমিতি ০৩ (তিন) বছর জলমহাল/পুকুর ইজারায় অংশগ্রহণ করতে পারবেন না। আবেদন করলে জামানত বাজেয়াপ্ত করা হবে।

১৬। ভূমি মন্ত্রনালয়ের সায়রাত-১ শাখা কর্তৃক ১৪/০৩/২০১২ খ্রিঃ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনের ভিত্তিতে ২০.০০ একর পর্যন্ত জলমহাল/পুকুর ইজারা প্রদানের জন্য কোন মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে সমাজ ভিত্তিক মৎস্যচাষ ব্যবস্থাপনার অনুকরনে কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চার পার্শ্বে নিকটবর্তী অবস্থানে বসবাসরত নিম্নে বর্ণিত ব্যক্তি গণের সমম্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল/পুকুর ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে। ক) বেকার যুবক; খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান; গ) যুব মহিলা ; ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্ত ; ঙ) আনছার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য; চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি। তবে কোন পরিবার হতে একাধিক ব্যক্তি ঐ সমিতির সদস্য হতে পারবেন না। পুকুর/জলমহাল ইজারা প্রদানের ক্ষেত্রে একর প্রতি বার্ষিক ১,৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা হারে ইজারা মূল্য নির্ধারিত হবে এবং সরকার সময়ে সময়ে আদেশ দ্বারা এ হার পুন:নির্ধারণ করতে পারবেন।

১৭। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবেন এবং ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

০১/০১/২০২৫

মোঃ রকিবুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রাণীশংকৈল,ঠাকুরগাঁও

স্মারক নম্বর: ০৫.৫৫.৯৪৮৬.০০০.০০.০০২.২০২৫- ০৩

তারিখ: ১৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১ । জেলা প্রশাসক, ঠাকুরগাঁও
০২। পুলিশ সুপার, ঠাকুরগাঁও
০৩। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রনালয় (সচিব, ভূমি মন্ত্রনালয় এঁর সদয় অবগতির জন্য)
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, রাণীশংকৈল, ঠাকুরগাঁও
০৫। উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর /পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/হরিপুর, ঠাকুরগাঁও
০৬। প্রশাসক, রাণীশংকৈল পৌরসভা,রাণীশংকৈল, ঠাকুরগাঁও
০৭। কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর (বিভাগীয় কমিশনার, রংপুর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮। সহকারী কমিশনার (ভূমি) পীরগঞ্জ/ ঠাকুরগাঁও সদর/ বালিয়াডাঙ্গী/হরিপুর, ঠাকুরগাঁও
০৯। অফিসার ইনর্চাজ, রাণীশংকৈল থানা, ঠাকুরগাঁও কে ইজারার আবেদনপত্র দাখিলের ধার্য তারিখে উপজেলা নির্বাহী অফিসের কার্যালয়, রাণীশংকৈল এ প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ করা হলো।
১০। উপজেলা.............................................অফিসার (সকল), রাণীশংকৈল, ঠাকুরগাঁও
১১। সম্পাদক, দৈনিক ................................। বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ০১(এক) দিন স্বল্প পরিসরে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো
১২। চেয়ারম্যান..............................................ইউনিয়ন পরিষদ (সকল), রাণীশংকৈল, ঠাকুরগাঁও ।
১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা....................................ইউনিয়ন ভূমি অফিস, রাণীশংকৈল, ঠাকুরগাঁও। তাকে তার এলাকায় হাট-বাজারে মাইক/ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো ।
১৪। জনাব...................................................................................................
১৫। অফিস কপি.................................................................................................

০১/০১/২০২৫

মোঃ রকিবুল হাসান
সহকারী কমিশনার (ভূমি) (অ.দা.)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রাণীশংকৈল, ঠাকুরগাঁও